
সংবাদ

তারিখ ০৪ AUG 2017
পৃ ১২ কলাম ৫



# ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে 'প্রাক-চাকরি প্রশিক্ষণ' কর্মশালা

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের (সিএসই) আয়োজনে 'প্রাক-চাকরি প্রশিক্ষণ' কর্মশালা শুরু হয়েছে। গত ৩০ জুলাই বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মো. সবুর খান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্যামসাং আর অ্যান্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশের মানবসম্পদ বিভাগের সহকাকারি ব্যবস্থাপক এস.এম ইব্রাহিম উল্লাহ, তানভির হাসান, ও টেকনিক্যাল বিভাগের প্রধান মোহাম্মদ আশরাফ-উল আসাদ। সিএসই বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. সৈয়দ আখতার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এস এম মাহবুব উল হক মজুমদার।

প্রধান অতিথির বক্তব্যে মো. সবুর খান বলেন, একদিকে শিল্প প্রতিষ্ঠানগুলো দক্ষ কর্মী পাচ্ছে না, অপরদিকে শিক্ষিত তরুণরা চাকরি পাচ্ছে না। এই সমস্যার অন্যতম কারণ হচ্ছে, আমাদের দেশের বিশ্ববিদ্যালয়গুলো ইন্ডাস্ট্রির উপযোগী করে শিক্ষার্থীদের গড়ে তুলতে পারছে না। এখন সময় এসেছে, বিশ্ববিদ্যালয়গুলোর কোর্স কারিকুলাম ঢেলে সাজানোর। আজকের প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে সেই প্রক্রিয়া শুরু হলো। ভবিষ্যতে অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গেও এ ধরনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানের সম্মানিত অতিথি অধ্যাপক ড. এস এম মাহবুব উল হক মজুমদার বলেন, শিক্ষার্থীদের উচিত ছাত্রজীবন থেকেই নিজেদেরকে কর্মজীবনের উপযোগী হিসেবে গড়ে তোলা। সেজন্য একাডেমিক পড়াশোনার বাইরেও শিক্ষার্থীদের নানা ধরনের সহশিক্ষা কার্যক্রমে অংশ নেওয়া উচিত। এ ধরনের কর্মশালা শিক্ষার্থীদের দক্ষতা বাড়াবে বলে মনে করি। অনুষ্ঠানে এস এম ইব্রাহিম উল্লাহ বলেন, বর্তমানে চাকরির বাজার অনেক বড় এবং প্রতিযোগিতামূলক। সুতরাং নিজেকে প্রস্তুত করতে না পারলে নিজের স্বপ্নও খুঁজে পাওয়া যাবে না। তাই ছাত্রজীবন থেকেই নিজেকে চাকরির জন্য প্রস্তুত করতে হবে বলে মন্তব্য করেন তিনি। তানভির হাসান বলেন, প্রতিদিন একটু একটু করে কাজ করুন। একটু একটু করে নিজেকে বদলে ফেলুন। দেখবেন, সাফল্য স্বয়ংক্রিয়ভাবে ধরা দেবে।

জীবনের প্রতিটি মুহূর্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে অরেক বিশেষ অতিথি আশরাফ-উল আসাদ বলেন, জীবনে সফল হতে চাইলে সময়ের গুরুত্ব বুঝতে হবে। ক্যারিয়ারে সাফল্য চাইলে নিজেকে অবশ্যই অন্যদের চেয়ে অগ্রবর্তী, পেশাদার এবং দক্ষ হিসেবে গড়ে তুলতে হবে। উল্লেখ্য, চাকরিক্ষেত্রের নানা বিষয় নিয়ে মোট ১৪টি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে। প্রতি সপ্তাহে একটি করে কর্মশালা অনুষ্ঠিত হবে এবং কর্মশালা পরিচালনা করবেন স্যামসাং আর অ্যান্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশের মানবসম্পদ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। সংবাদ বিজ্ঞপ্তি।



## নোবিপ্রবি ও হাইটেক পার্কের মধ্যে এমওইউ স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) এবং বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ এর মাঝে গত ২৩ জুলাই একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। আগারগাঁওস্থ আইসিটি টাওয়ারে নিজস্ব কার্যালয়ে এই এমওইউ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার প্রফেসর মো. মমিনুল হক, হাইটেক পার্ক এর পক্ষে প্রকল্প পরিচালক এ এস এম শফিকুল ইসলাম 'এমওইউ'তে স্বাক্ষর করেন। এর ফলে নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য আইসিটি সংশ্লিষ্ট যাবতীয় ল্যাব সুবিধা আরো বৃদ্ধি পাবে। ইতিপূর্বে হাইটেক পার্ক এর অর্থায়নে নোবিপ্রবিতে 'কম্পিউটার নেটওয়ার্ক এন্ড সাইবার সিকিউরিটি অ্যানালাইসিস ল্যাবরেটরি' প্রতিষ্ঠিত হয়েছে। সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে অন্যদের মাঝে উপস্থিত ছিলেন, নোবিপ্রবি আইআইটি ইনস্টিটিউটের পরিচালক মোহাম্মদ নুরুজ্জামান ভুঁইয়া, হাইটেক পার্ক এর উপ-প্রকল্প পরিচালক আজিজুল ইসলাম, প্রকিউরমেন্ট বিশেষজ্ঞ হাবিবুল আজিজ, সহকারী পরিচালক রুমানা খোরশেদ, ট্রেনিং বিশেষজ্ঞ আবু সালেহ মো. সোহান ও স্বাতী শারমিন এবং পরিবেশ বিশেষজ্ঞ মো. বেল্লাল হোসেন প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর